সংবাদ

তাং ... 20 MAY 2003
পৃষ্ঠা ... ২

এইচএসসি পরীক্ষায় নকল প্রতিরোধ

# চট্টগ্রাম শিক্ষা বোর্ডের কঠোর ব্যবস্থা গ্রহণ

**নীত কৃষ্ণ রক্ষিত, চট্টগ্রাম ব্যুরো ঃ** এইচ. এস. সি পরীক্ষায় নকল প্রতিরোধের জন্য চট্টগ্রাম শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কঠোর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে। এ লক্ষ্যে শিক্ষা বোর্ডের কর্মকর্তা ও কলেজের সিনিয়র শিক্ষকদের নিয়ে ৮০টি সাধারণ ও বিশেষ ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে। এসব টিমের সদস্যরা প্রতিদিন প্রত্যেক পরীক্ষা কেন্দ্রগুলো পরিদর্শনসহ তাৎক্ষণিকভাবে ব্যবস্থা নেবেন। আগামী ২৯শে মে থেকে

**ব্যবস্থা ঃ পৃঃ ১১ কঃ ৩**

## ব্যবস্থা ঃ কঠোর

( ১ম পৃষ্ঠার পর )

দেশের অন্যান্য শিক্ষা বোর্ডের সাথে একযোগে চট্টগ্রাম শিক্ষা বোর্ডেরও এইচ. এস. সি পরীক্ষা শুরু হচ্ছে। এ লক্ষ্যে কর্তৃপক্ষ ইতোমধ্যে সকল প্রস্তুতি সম্পূর্ণ করেছে।

চট্টগ্রাম শিক্ষাবোর্ড সূত্র জানায়, প্রতিবছর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অবাধ নকলের কারণে বোর্ডের পরীক্ষা গ্রহণ পদ্ধতিতে অনিয়ম ও বদনাম রয়েছে। এসব অনিয়ম ও বদনাম ঘোচানোর জন্য এবার বিভিন্ন কার্যকর পদক্ষেপ নেয়া হয়েছে; যাতে পরীক্ষাকে সম্পূর্ণ অবাধ, সুষ্ঠু ও নকলমুক্তভাবে করা যায়। সূত্রমতে, শিক্ষা বোর্ডের কর্মকর্তা ও কলেজের শিক্ষকদের নিয়ে ৮০টি ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে। এ টিমগুলোর মধ্যে চট্টগ্রাম মহানগরে ৯টি ও জেলায় ২৮টি, সন্দ্বীপে ৮টি, রাঙ্গামাটিতে ১৪টি কক্সবাজারে ১০টি খাগড়াছড়ি ৭টি বান্দরবানে ৪টি। এ টিম ক্রমান্বয়ে দায়িত্ব পালন করবে।

চট্টগ্রাম শিক্ষা বোর্ড সূত্রে জানায় এবার এই শিক্ষা বোর্ডের অধীনে ৫টি জেলায় মোট পরীক্ষার্থীর সংখ্যা হচ্ছে ৪৫ হাজার ১শ' ৩৮ জন। এর মধ্যে ২৫ হাজার ৮শ' ৪১ জন ছাত্র ১৯ হাজার ২শ' ৯৭ ছাত্রী। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক মেজর সৈয়দ কামরুল ইসলামের সাথে যোগাযোগ করা হলে তিনি 'সংবাদ'কে জানান, এবার চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে ৫ জেলায় মোট পরীক্ষা কেন্দ্র হচ্ছে ৭৫টি। চট্টগ্রাম জেলায় মোট পরীক্ষা কেন্দ্র সংখ্যা ৪৮টি। তার মধ্যে ১৭টি মহানগরী এলাকায়। অন্য ৪ জেলার মধ্যে কক্সবাজার জেলায় ১০টি, রাঙ্গামাটিতে ৭টি, খাগড়াছড়িতে ৭টি ও বান্দরবান জেলায় ৩টি পরীক্ষা কেন্দ্র রয়েছে। এবার নতুন করে ৭টি কেন্দ্রকে অনুমোদন দেয়া হয়েছে। বিভিন্ন অনিয়ম ও অভিযোগের ভিত্তিতে পুরনো ৫টি কেন্দ্র বাতিল ঘোষণা করা হয়েছে। এবার ১২টি পরীক্ষা কেন্দ্র ঝুঁকিপূর্ণ বলে শনাক্ত করা হয়েছে। এ কেন্দ্রগুলো হলো নাজিরহাট কলেজ কেন্দ্র, নানুপুর লায়লা কবির কলেজ কেন্দ্র, উত্তর সাতকানিয়া জাফর আহম্মদ চৌধুরী কলেজ, দক্ষিণ রাঙ্গুনিয়া পদুয়া কলেজ, এম. শাহ আলম চৌধুরী কলেজ, মহেশখালী কলেজ, কুতুবদিয়া কলেজ, মানিকছড়ি গিরিমৈত্রী কলেজ, পানছড়ি কলেজ, দিঘিনালা কলেজ কেন্দ্র।